

জোনিং বলতে কী বোঝায়?

জোনিং বলতে এই বোঝায় যে, একটি শহর তার জমি কীভাবে জোন হিসাবে বিভক্ত করবে যাতে কোন জায়গায় কোন জমি কী ভাবে ব্যবহার করা হবে তা নিয়ন্ত্রণ করা যায়। গ্র্যান্ড রিভার এভিনিউ এবং ওকম্যান বুলভার্ডের সংযোগ স্থলে জোনিং কীরকম দেখা যায় তা নিচে দেখুন।

- R1:** আবাসিক ডিস্ট্রিক্ট - মূলত সিংগেল-ফ্যামিলি বাসার অনুমোদন দেওয়া হয়
- B3:** শপিং ডিস্ট্রিক্ট - একাধারে পাশাপাশি স্টোরগুলোর জন্য জায়গা
- B4:** সাধারণ ব্যবসার ডিস্ট্রিক্ট - চলাচলের রাস্তার আশে পাশে বাণিজ্যিক কর্মকাণ্ডের ব্যবহারের জন্য
- M3:** সাধারণ শিল্প ডিস্ট্রিক্ট - সাধারণ শিল্প কারখানার ব্যবহারের জন্য
- M4:** নিবিড় শিল্প ডিস্ট্রিক্ট - ব্যাপক ধরণের শিল্প কারখানার ব্যবহারের জন্য
- P1:** উন্মুক্ত পার্কিং ডিস্ট্রিক্ট - শুধুমাত্র পার্কিং-এর জন্য



জোন ডেট্রয়েট

রিফ্রেশ রিথিংক ডেট্রয়েট
সিটির পুনর্গঠনের জন্য জোনিং সংক্রান্ত সর্বশেষ তথ্য

আরো তথ্যের জন্য দেখুন

ZoneDetroit.com

ফেব্রুয়ারি, ২০১৯

প্রকল্প

সিটির জোনিং অধ্যাদেশ বেশ কিছু সময় আগে সার্বিকভাবে হালনাগাদ করা হয়েছে, এবং এর বাস্তবায়নের জন্য সিটি আপনার সাহায্য চায়!


সিটি একটি নতুন যুগে প্রবেশ করেছে এবং একটি আধুনিক আমেরিকান সিটি হওয়ার চ্যালেঞ্জ মোকাবিলার জন্য সিটি যাতে আরো কার্যকর ভাবে এবং দক্ষতার সাথে কাজ করতে পারে সে-জন্য একটি জোনিং অধ্যাদেশ প্রয়োজন।

বর্তমান জোনিং অধ্যাদেশ পুরাতন হয়ে গেছে, এবং কিছু কিছু ক্ষেত্রে, সিটির বর্তমান বাস্তবতার সাথে মিল নেই।

নতুন জোনিং অধ্যাদেশ আমাদের ডেট্রয়েটের সকল মূল্যবান বস্তুকে সুরক্ষা দিবে এবং একই সাথে ভবিষ্যতে ডেট্রয়েটের মঙ্গল করবে এমন সকল উন্নয়ন সম্ভব করে তুলবে।

কী করা দরকার এবং কেমন করে তা করতে হবে সে বিষয়ে আমরা আপনাদের মতামত চাই।

ডেট্রয়েট জোনিং ম্যাপ



উদ্দেশ্য

নতুন জোনিং অর্ডিন্যান্স:

- + বাণিজ্যিক করিডোর এবং আবাসিক নেবারহুডের মধ্যে পরিবর্তন কাল **আরো দক্ষতার সাথে মোবাবিলা করবে।**
- + উভয় বাণিজ্যিক এবং আবাসিক এলাকায় **পার্কিং সমস্যার সমাধানে সাহায্য করবে**
- + সিটির বাণিজ্যিক করিডোরের ব্যবহারের ক্ষেত্রে সামঞ্জস্যহীনতার **ব্যবস্থাপনার আরো কার্যকর পন্থা অন্তর্ভুক্ত করবে**
- + আশে পাশের নেবারহুডকে সহায়তা করে **এমন স্থানীয় ব্যবসার জন্য সুযোগ বৃদ্ধি করবে।**
- + সিটিব্যাপী পরিত্যক্ত ভবন এবং **শূন্য জমির ব্যবস্থাপনার আরো ভাল পন্থা চালু করবে।**
- + বছরের পর বছর ধরে **সিঙ্গেল-ফ্যামিলির নেবারহুডগুলোর** অব্যাহত বসবাসকে সুগম করে এমন **উন্নত সুযোগের ব্যবস্থা করবে**
- + **বিদ্যমান ভবনগুলোর প্রত্যাবাসন এবং পুনর্ব্যবহার সহজতর করবে।**

সংশ্লিষ্ট হোন

ZoneDetroit.com- এ আমাদের প্রকল্পের ওয়েবসাইট দেখুন

একটি নতুন জোনিং অধ্যাদেশ প্রস্তুত করার জন্য আমরা আপনাদের সক্রিয় সংশ্লিষ্টতা ও অংশগ্রহণ কামনা করি। কিভাবে আরো ভাল ডেট্রয়েট গড়ে তোলা যায় সে-বিষয়ে আমরা আপনাদের ভাবনাকে গুরুত্ব দেই এবং মতামত চাই। এই প্রকল্পের পুরো সময়কালে আমরা অসংখ্য মিটিং, কর্মশালা ও শুনানির আয়োজন করব। আমরা আপনাদের সংশ্লিষ্টতা এবং মতামত চাই।

সংশ্লিষ্ট থাকার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন বা আপনি আমাদেরকে অনুসরণ করতে পারেন এখানে :

facebook.com/ZoneDetroit

“
আমি শেইফার/প্লাইমাউথ নেবারহুডে বসবাস করি। বন্ধ হয়ে যাওয়া একটি ক্রাইসলার ফ্যাক্টরির ঠিক পিছনে। আমরা নিশ্চিত করতে চাই যে কম্যুনিটির মতামত যেন নেওয়া হয়, কারণ যেখানে যা করা হবে তা-ই কম্যুনিটির উপর প্রভাব ফেলবে।
”

সেপ্টেম্বর ২০১৮-তে একটি কম্যুনিটি সভায় একজন বাসিন্দা